গৌড়বঙ্গের নির্বাচিত লোকসঙ্গীত ঃ ঐতিহ্য ও অনুশীলনের ইতিহাস

পরিশিষ্ট - ১

(গম্ভীরা, খন, আলকাপ, ডোমনী)

পরিশিষ্ট-১

(গম্ভীরা)

বন্দনাগীত

(১)

কোথা হইতে আইলেন গোঁসাই, কোথায় তোমার স্থিতি।
আহার নাই পানি নাই আস নিতি নিতি।।
জল নাই স্থল নাই সকল শূণ্যাকার;
কর্পূরেতে ভর কর পবন আহার।।

শিবনাথ কি মহেশ।

হরিদাস পালিত, আদ্যের গম্ভীরা, পৃ১১-১৩

(২)

না ছিল জল স্থল দেবের মন্ডল।
কোনরূপে ছিল ধর্ম হয়ে শূণ্যাকার।।
কাঁকড়া পাঠালের মৃতিকার তলে।
কাঁকড়াকে আনিল মৃত্তিকা কিছু পরিমাণ।
বিন্দু পরিমাণ মধ্যে তিল পরিমান।
তিল পরিমাণ মধ্যে বেল পরিমান।
কূর্ম্মের পৃষ্ঠে পৃথিবী করিল সৃজন।
কহন ত গুরু গোঁসাই সরস্বতীর বরে।
পৃথিবীর জন্ম-কথা কহি সভার ভিতরে।।

- ঐ

(৩)

জল বন্দ স্থল বন্দ বুড়াশিবের গম্ভীরা বন্দ
আর বন্দ সরস্বতীর গান।
বাসুয়া বাহনে শিব তার চরণে প্রণাম।

দাতানাথ কি শিবনাথ মহেশ।

মুষা বাহনে গনেশ এলেন তাঁর চরণে প্রণাম।

দাতানাথ কি শিবনাথ মহেশ।

মৌর বাহনে কার্ত্তিক তাঁর চরণে প্রণাম।

দাতানাথ কি শিবনাথ মহেশ।

প্যাঁচা বাহনে লক্ষ্মী তাঁর চরণে প্রণাম।

দাতানাথ কি শিবনাথ মহেশ।

মকর বাহনে গঙ্গা তাঁর চরণে প্রণাম।

দাতানাথ কি শিবনাথ মহেশ।

সিংহ বাহনে দূর্গা তাঁর চরণে প্রণাম।

দাতানাথ কি শিবনাথ মহেশ।

মোষ বাহনে যম তাঁর চরণে প্রণাম।

দাতানাথ কি শিবনাথ মহেশ।

হংস বাহনে ব্রহ্মা তাঁর চরণে প্রণাম

দাতানাথ কি শিবনাথ মহেশ।

উল্লুখ বাহনে ত্রিশকোটী দেবতা তাঁর চরণে প্রণাম

দাতানাথ কি শিবনাথ মহেশ।

যাঁহার নাম না জানি তাঁদের চরণে প্রণাম।

দাতানাথ কি শিবনাথ মহেশ।

(৪)

জয় জয় জগত্তারণ শম্ভু,

শিবে গরজত গঙ্গা অম্বু,

সুচারু কণ্ঠ জিনি সুকম্বু,

লম্বিত আছে রুদ্রমাল।

কিবা অরুণাধর কুন্দবদন হাস্যবদন শোভিত ভাল।।

লম্বিত জটা লটাপট শিরে,

নয়ন যুগল ঢুলুঢুলু করে,

ধক ধক জ্বলে ভাল সে অনল।
কিবা কটিতে বেষ্টিত শোভা বাঘাম্বর—
ত্রিভূবণ জিনি গতি মন্থর,
তরিতে অপার ভবসাগর,
বামন মাগিছে ও পদ কেবল।
নিজস্ব সংগ্রহ, প্রশান্ত শেঠ, মালদা।
(৫)
বলি ও ফনিভূষণ ভালে ত্রিনয়ন
বাঘাম্বর পরিধান, আমাদের, আমাদের দুঃখ কর ত্রান
পেটের জ্বালায় মোরা হলেম দিশেহারা
(মোরা) হারাণু মনি সম্মান।

- ঐ

রিপোটিং

ভারত পূর্ণ সোনা চাঁদি ছিল যত
একে একে দেখি সব গেল জলের মত
ভারতবাসী এবে হয়ে অবনত
(এবার) পেলে চরম প্রতিদান।
(খ)
সওয়া প্রহর সোনা বর্ষে ছিল যেই দেশে
সে দেশের লোক দেখি আজ অতি দীনবেশে
পরিণামে আর কিবা হবে অবশেষে
(মোদের) আতঙ্কে শিহরে প্রাণ।

(গ)

বি.এ,এম.এ, পাশ করে কত বঙ্গ সন্তান
চাকুরি খুঁজে খুঁজে হয়ে গেল হয়রাণ।
করিতে পারে না তারা নিজ পেটের সংস্থান
(তারা) হতাশে সদা ম্রিয়মান।।

(ঘ)

হিন্দু মুসলমানে দা কুমড়া সমন্ধ
সর্ব্বত্রহ লেগে আছে উভয়েতে দ্বন্দ্ব
এই গৃহ বিবাদ শিবো না করিলে বন্ধ
(হবে) দুই জাতিরই অবসান।

(ঙ)

যুদ্ধ বেধে গেছে দুই বছর হল প্রায়
হয় না কোন দিকের জয় বা পরাজয়।।
জার্মানির ধ্বংস শ্রীঘ্র সুনিশ্চয়
(সগর্বে) ব্রিটিশ ওড়াবে নিশান।

(চ)

করজোড়ে মোদের এই শেষ মিনতি
যুদ্ধবিগ্রহ বন্ধ কর হে সম্প্রতি
সৃষ্টি রক্ষা কর ওহে গৌরীপতি
(ওপদে) গোবিন্দের এই আকিঞ্চন।

- ঐ

(ছ)

বলি ও কৃত্তিবাস কেন হা হুতাশ
কিসের চিন্তা নিশিদিন ভেবে তনু হল ক্ষীণ
নিজের দোষে গেলে মারা
মোদের করে দিলে সারা
(তোমার) মেয়াদ বা আর কতদিন।

(ক)

কতদিন আর নিজের ছিদ্র করে রাখবে গুপ্ত
সমস্তই জ্ঞাত মোদের নহি মোরা সুপ্ত
থেকোনা আর ও বিশ্বেশ্বর অত্যাচারে লিপ্ত
(দিও না আর) চাঁদির বিনিময়ে টিন।

(খ)

ভারতবাসী মোরা সবে থাকি বহু দূরে
তব হিতচিন্তায় আছি মোরা পড়ে—
এই যুদ্ধে জয়ী তুমি হবে কি প্রকারে
(ভাবি) জার্মান কেমননে হবে লীন।

(গ)

হিতাকাঙ্খী প্রজা মোরা তোমার অনুগত
তোমারই পীড়নে অশ্রু ফেলি অবিরত
আশা দিয়ে আশা প্রদীপ করলে নির্বাপতি
(মোরা) চিরকাল রইনু পরাধীন।

(ঘ)

তোমারই দৃষ্টান্তের পরে মুসলমান আর হিন্দু
পরস্পর খড়্গ হস্ত মিল নাই এক বিন্দু
আবহমান কাল ধরে ছিলাম দুই ভাই বন্ধু
(হলাম) তোমার দৃষ্টান্তেই বুদ্ধিহীন।

(ঙ)

বন্ধ কর সবে ভাই সাম্প্রদায়িক দ্বন্ধ
এ দুর্দিনে ক্রোধ বশে হয়ো না কেউ অন্ধ
কর জোড়ে সবার কাছে বলে শেঠ গোবিন্ধ
(কর) ধর্মের পতাকা উড্ডীন।

- ঐ

(৭)

তুমি হয়ে চাষী কাশীবাসী কেন কাশীশ্বর।
তোমার কর্মক্ষেত্র এই ব্রহ্মান্ড ক্ষেত্র তব হর।।
ব্রহ্মা যিনি বিষ্ণু কুমার,
বীজ বুনানি মজুর তোমার,
কতই যে বীজ হয়নি সুসার
ওহে গঙ্গাধর।
মন আত্মা দুই বলদ বেঁধে
কর্ম জোয়াল চাপিয়ে কাঁধে
মায়া রজ্জু নাসায় ছেঁদে
কতই না আর তাড়।।
সুখ দুঃখ দুই শক্ত যোধা
সেই জোয়ালে আচে যোতা,
তুমি আশা লাঠির দিচ্ছ গোঁতা,
ওহে দিগম্বর।
সৃষ্টি হতে লয় পর্যন্ত,
চাষের কি হবে না অন্ত,
তুমি কিঞ্চিৎদপি হও না ক্ষান্ত,
ওহে বিশ্বেশ্বর।
তব ক্ষেত্র এ সংসার।
দিনে দিনে হচ্ছে আসার
হরিমোহন বলে ও সারাৎসার
সার বিতরণ কর।

- ঐ

(৮)

শিব তোমার লীলা কর অবসান

বুঝি বাঁচে না আর জান।
অনাবৃষ্টি কর‍্যা সৃষ্টি
মাটি করল্যা নষ্ট কর‍্যা
দেখছ নাকি কষ্ট হে
মিষ্ট কথায় তুষ্ট কর‍্যা
করল্যা মোদের গুষ্টি ছাড়া।
শুন বলি পষ্ট কর‍্যা
তার পরে ম্যালেরিয়ায়
হলাম হালাকান
বুঝি বাঁচে না আর জান

—ড. ভট্টাচার্য আশুতোষ, বাংলার লোকসাহিত্য ৩য় খন্ড-২৫৮

(৯)

(তুমি) কেন উদাসী, কাশিবাসী, ওহে কাশীশ্বর।
দুনিয়াটা যায় রসাতলে, রক্ষা কর হর।।
কামার কুমার ছুতার চাষা
ছাড়ল তার জাত ব্যবসা
চাকরি লয়ে বাবু ভাবছে কত বড়।
গায়ের মাটি শিল্প হলো মাটি
বাংলার মাটি হলো খাঁটি
কৃষি শিল্পে শিখাও মোদের
(তুমি) দেশকে তুলে ধর।
চাষ উন্নতি করতে হলে
চলবে না আর পুরাণ চালে
দেশ বিদেশের নতুন নিয়ম
আমদানি সব কর।

ঐ-পৃ-২৬১

চার-ইয়ারি

(১)

(ক)

প্রথম ঃ হায়রে ভাবছি কবে হবে মরণ যুদ্ধের শেষ

দ্বিতীয় ঃ চাটগাঁয়ে শত্রুর লক্ষ্য বেশ

তৃতীয় ঃ এই কি ছিল কপালে
আসাম জাপান কবলে

চতুর্থ ঃ তাই ভাবছি বসে ভাগ্যে কিবা আছে আর
মরছি একজনার তাপে

(খ)

প্রথম ঃ তারপর একজনে চাপে

দ্বিতীয় ঃ দেখে প্রাণ ভয়ে কাঁপে

তৃতীয় ঃ যুদ্ধ ঢোঁড় গহমা সাপে

চতুর্থ ঃ ঢোঁড়ার ফোঁস ফোঁসানি সার
গহমা করে দিবে সাবাড়

(গ)

প্রথম ঃ বুঝতে নারি কবে নিভবে এ আগুন

দ্বিতীয় ঃ কভু নিভবে না আগুন
আগুনের শিখা চর্তুগুন

তৃতীয় ঃ দেখে প্রানে হচ্ছে ভয়
ভারত ভস্ম সুনিশ্চয়

চতুর্থ ঃ তাই তো দেখছি চেয়ে দাড়ায়ে শিয়রেতে
এ যম অতি নিকটে

প্রথম ঃ ভারতকে গ্রাস করবে বটে

দ্বিতীয় ঃ মোদের যা ছিল অর্থ ধন

তৃতীয় ঃ বিদেশি করল সব শোষণ

চতুর্থ ঃ এ শোষণ হলনা হজম

তাই তো ফেলছে ও পরদম।

(ঘ)

প্রথম ঃ সোনার ভারত হায়রে পুড়ে হল শশ্মান

দ্বিতীয় ঃ তাইতো কণ্ঠাগতি প্রাণ

এ দুঃখের নাইকো অবসান

তৃতীয় ঃ আর সয়না পাপের বার

যত অন্যায় অবিচার

চতুর্থ ঃ তাইতো আছি এমন সুখে নিত্য অনাহার

ধন্য রক্ষকের কীর্তি।

(ঙ)

প্রথম ঃ করি সবে ভিক্ষাবৃত্তি

দ্বিতীয় ঃ নিজের হাতে কিছু নাই

তৃতীয় ঃ তাইতো পরের মুখে চাই

চতুর্থ ঃ যিনি রক্ষক হন সবার

তাকে রক্ষা করাই ভার।

(২)

ইন্দিরা গান্ধী ঃ করে বাংলাদেশের মুক্তি, নিজের চুক্তি, যুক্তি

সারে করেছি নিজে কাজ।

মুজিবররহমান ঃ বাংলাদেশ ভুলবে না তোমায়, থাকতে

বাংলা সমাজ।

জুলফিকার আলি ভুট্টো ঃ আমি লড়ে দেখব একবার,

করতে প্রতিকার।

উচিত বক্তা ঃ সেই দুধে দই জমবে না আর

খেলে খাওয়া হবে তোমার সার।
যতই লাফান ঝাপান, আরাতরপান
সব হয়ে গেল বেকার।।

(খ)

ইন্দিরা গান্ধী ঃ যত রকম সাহায্য দেবার, যা হয় দরকার,
দিয়ে যাব তার হবে না কোন আন।

মুজিবর রহমান ঃ থাকতে জীবন রাখবে বাংলা তোমারই সম্মান

জুলফিকার আলি ভুট্টো ঃ সহায় চীন, আমেরিকা—ভয়ের কারণ নাই

উচিত বক্ত ঃ সেই গুড়ে বালি পড়েছে ভাই
বন্ধুরা সব হবে না সহায়—
ভিয়েত নামের মুক্তি আমেরিকা দিল
পড়ে দেখ সবার ঠেলায়।

(গ)

ইন্দিরা গান্ধী ঃ বিশ্বের সকল দেশ মিলে, স্বীকৃতি দিলে, মেনে নিলে
সবাই বাংলাদেশের বিধান

মুজিবর রহমান ঃ নির্বাচনই দেখিয়ে দেবে এর সঠিক প্রমান।

জুলফিকার আলি ভুট্টো ঃ সৈন্যদল না হলে ফেরান, স্বীকৃতি দিবে না পাকিস্তান।

উচিৎ বক্তা ঃ পাকিস্তান ধুয়ে মুছে হবে সাবাড়, চারিদিক ঘিরে ভাঙবে তোমার ঘাড়,
দেখ সীমান্ত গান্ধী,

ইন্দিরা গান্ধী — ভারতের প্রধানমন্ত্রী

মুজীবুর রহমান— স্বাধীন বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী/পূর্বপাকিস্তানের মুখ্যমন্ত্রী

জুলফিকার— অবিভক্ত পাকিস্তানের প্রধানমন্ত্রী

উচিত বক্তা— সাধারণ জনগন।

(৩)

(ক)

১। অজয় মুখার্জী ঃ এবার ফসল ভাল হবে সবাই খাবে
সে দিনের আর বেশী দেরী নাই।

২। জ্যোতি বসু ঃ কৃষক শ্রমিক সুখে থাকুক
এটিই দেখতে চাই।

৩। জাহাঙ্গীর কবীর ঃ ভারত ক্রান্তিদলে যোগ দাও সকলে।

৪। বাঙালী ঃ তোদের দল তন্ত্রই হল সার
দেশবাসী শুধু করলে হাহাকার
অষ্টমাসে অষ্টরম্ভা যুক্তফন্টের উপহার।

(খ)

১। অজয় মুখার্জী ঃ বাংলা কংগ্রেস করেছে অশেষ
দেশবাসীকে বাঁচাবার।

২। জ্যোতি বসু ঃ কর্মচারীদের বেতন আমার মতন
কেউ ছিল কি বাড়াবার?

৩। জাহাঙ্গীর কবীর ঃ কমিউনিস্টদের জ্বালায় মোদের মন্ত্রী থাকা দায়

৪। বাঙালী ঃ দলে দলে করিস বিবাদ গদী রাখবারতরে
এই গদীর মোহ ছেড়ে মোদের দেখবি কি প্রকারে
দুর্ণীতিমুক্ত করবি শাসন দূর হবে প্রবলের শোষণ
এই আশাতেই দেশবাসী তাড়িয়ে ছিল সব কংগ্রেসী।
আজ আটমাস পরে সত্য করে বলতো কি বা ফলল
ফল্
খাদ্য সমস্যা দিনে দিনে প্রবল।

(গ)

১। অজয় মুখার্জী ঃ দেশবাসীর সেবা ছাড়া আর করবো কিবা
এই পরিনত বয়সে।

২। জ্যোতি বসু ঃ মজুতদারী ধনতন্ত্র খতম কোরবোই শেষ

৩। জাহাঙ্গীর কবীর ঃ মোদের দলে সারা দেশে শান্তি আনিবে

৪। বাঙালী ঃ চোদ্দ দলেরই চোদ্দদশা
বাঙালীর আর নাইকো ভরসা
খেতে পাবো ভালো থাকবো নির্মূল হল সব আশা।
অর্থমন্ত্রী দাঁড়িয়ে শূন্য অর্থভান্ডার নিয়ে
রাইটার্স বিল্ডিং বিক্রী হবে সরকারী দেনার দায়ে।
কর্মচারীরা পাবে না বেতন, বেড়ে হল যন্ত্রনা
ঘেরাও লুটপাটও হল পুলিশ গুলিও চালালো
খাদ্যমন্ত্রীর খাদ্য অনবদ্য — অনাহারে মরে দেহ।
এদের দ্বারা হবে না পাপের শেষ।

ক্ষেত্র সমীক্ষা, প্রশান্ত শেঠের কাছ থেকে, কুতুবপুর, মালদা। ১৮/৮/১৪ - ঐ

(৪)

(ক)

ব্রাহ্ম ঃ গেল এবার জীবন যে মহারণ
বেঁধেছে ভূ-মন্ডলে।

জৈন ঃ অহিংসা পরম ধর্ম মোর যায় রসাতলে।

মুসলমান ঃ বিধি হল বাম তাই এই ভীষণ সংগ্রাম

হিন্দু ঃ এসব কৃতকার্যের পরিণাম
হল বোধ হয় যুগের অবসান
ভাবি কত দিনে মহারণে পাবো মোরা পরিত্রাণ।

(খ)

ব্রাহ্ম ঃ আমার এক ব্রহ্ম ব্রাহ্ম ধর্ম
দ্বিতীয়ে বিশ্বাস নাই

জৈন ঃ জৈন আমায় বলে সকলে রই জীর্ণ উপাসনায়।

মুসলমান ঃ আমাদের ধর্ম ইসলাম জাতি মুসলমান

হিন্দু ঃ পরম সনাতন হিন্দু সন্তান
সৃষ্টিকর্তা স্বয়ং ভগবান
তিনি হয়েছেন রুষ্ট তাইতো কষ্ট
ওষ্ঠাগত সবার প্রাণ।

(গ)

ব্রাহ্ম ঃ ভুলে ধর্ম অধর্ম কর্তব্য কর্ম
কর সম্রাটের সাহায্য।

জৈন ঃ থাক না রাজা লন্ডনে এ তো মোদেরই রাজ্য

মুসলমান ঃ নিজ রাজ্য রক্ষায় দ্বিধা কেন ভাই

হিন্দু ঃ একবার হও যদি সব আগুয়াণ
দেখি কেমন জাপান আর জার্মান
তাদের যত গর্ব করব খর্ব
নইলে দিব আপন প্রাণ।

- পূর্বোক্ত

(৫)

চারইয়ারি

কংগ্রেস নেতা — আমি একজন রাজ্যহার বঙ্গেশ্বর

জনসংঘ নেতা — আধাঁরে রইলে ঘরে, স্বাদ পেলেনা আলোর

আই.এল.ডি. এস নেতা — সুখের জোড়া পায়রা গেল উড়্যা

সাধারণ মানুষ — ও ভাই দেখবি এদিক ওদিক আয়
ফাঁদে পইর‍্যা বগ্যা কাঁদে হায়

এরা দেখাচ্ছে ঘু,-ঘু ফাঁদ দেখ্যানি
বাইরত কাত্তা বরাই।।

(খ)

কংগ্রেস নেতা — আমার সাধের সাজান বাগান শুকিয়ে গেল
জনসংঘ নেতা — আচমকা ঝাড়ে প্রদীপটিরে নিভাইয়া দিল
আই.এল.ডি. এস নেতা — আমার মুখে নাই শব্দ জামানত জব্দ
সাধারণ মানুষ — আর কি হবে ভ্যাইবা ভাই
গলদ ছিল তোরে গোড়ায়
ঘরের দুষমন সাধু বিভীষণ
রামায়ণে পাউন নাই।

(গ)

কংগ্রেস নেতা — আমি আজীবন কাটায় জনগনের সেবায়
জনসংঘ নেতা — হিন্দু মায়ের ছেলে আমি হিন্দু আমার ভাই
আই.এল.ডি.এস নেতা — আমাদের ধর্ম মানুষের সেবা ধর্ম
সাধারণ মানুষ — তোমাদের সারমর্ম্ম বুঝেছে মানুষে ভাই
তাইতো তোদের কাঁচ কলা দেখায়
খুব খাওয়ালি আলু কলা
মনে করে দেখনা ভাই।।

(ঘ)

কংগ্রেস নেতা — আমি থাকব না আর নিমক হারাম বঙ্গে
জনসংঘ নেতা — বাংলার হিন্দু বেজায় ঠাট্টা করল আমার সঙ্গে
আই.এল.ডি.এস নেতা— আমি নইতো শিয়াল রাখব বোয়াল
সাধারণ মানুষ — চোয়াল বেড়িয়ে যাবে ভাই
গোয়ালে আর আর গরু তোদের নাই
দুখ খাবি কোন গরু মায়ের

বলদের আর দুধ নাই।।

সংগ্রহ, পুলকেন্দু সিং, মুর্শিদাবাদ

(৬)

চারইয়ারি

আমানতকারি ঃ হায় কি হলো রে ও কি করব রে
কি হবে উপায়? চিটফান্ডে ট্যাকা রাখ্যে
পড়েছি সমস্যায়।

সুযোগসন্ধানি ঃ চিট্‌ফান্ডে যখন লাগ্যেছে কাজিয়া
ঢুকে যাছি সবজ্ঞান লিয়া
ল্যাপটপ, এসি খুলে লিছি
বেচে দিছি সস্তায়।

পোষ্টাল এজেন্ট ঃ আমাদের ধান্দা একেবারে মান্দা

চিট্‌ফান্ড এজেন্ট ঃ হামার মটর সাইকেল লিলে কাড়হা
প্রেমিকা ওরে হামাকে গেলো ছাড়্যা
গেল আম ছালা ও গ্যালো
বাঁচব বলো ক্যামন কর্য্যা।

(বানান অপরিবর্তীত)

—ক্ষেত্র সমীক্ষা, অমর মণ্ডল, ১৫.৬.১৪, মালদা,

(৭)

লটারী বিক্রেতা ঃ সবার উপরে মানুষ সত্য
তাহার উপরে লটারি সত্য
শত শত লোক্ষপতি।

ইঞ্জি নিয়ার ঃ ইঞ্জিনিয়ারিং পড়ে টাকার জোড়ে হলাম কোটিপতি

কনট্রাক্টর ঃ আমরা দুজনাই সমান
জম্বু-হনুমান।

বেকার গ্রাজুয়েট ঃ তোমরা এসে বি.এ. পড়না হে
চাকরি পাওয়া কি কঠিন ব্যাপার
আমি পড়ে বি.এ. পেটের দায়ে
ভাঙ্গছি কত লোকের ঘাড়।।

(খ)

লটারি বিক্রেতা ঃ হয়োনা নিরাশা
লটারির উপর রাখ ভরসা
এই হবে সার।

ইঞ্জিনিয়ার ঃ আমরা দুইজনে মিলে
পেমেন্ট বিনে ভাই
করি ভাগ বাটোয়ারা

কনট্রাক্টর ঃ রাস্তাঘাট আর কালভার্ট
এদের বদলে দিই-ঠাট-বাট।

বেকার গ্রাজুয়েট ঃ এরা চোরে চোরে মাসতুতো ভাই
অফিসারদের তাতে লক্ষ্য নাই
এরা যা বোঝায় তাই বোঝে
থুথু দিয়ে ছাতু মাখা চাই।।

(গ)

লটারি বিক্রেতা ঃ কত গরীব লটারি পেয়ে
বড় লোক হল
বড় বড় ব্যবসা ছাদল
সুখে দুবেলা খেয়ে বাঁচল
না করে ছল জুয়াচুরি।

ইঞ্জিনিয়ার ঃ এ যুগে বাঁচতে গেলে
মিলে মিশে করতে হয় চুরি

কনট্রাক্টর ঃ পাঁচশো বস্তার কাজ
দুশোতেই সারি।

বেকার গ্রাজুয়েট ঃ পেটের দায়ে অপরাধ করলে
পুলিশ ভাই নিয়ে যাই জেলে
এদের সাথে গলায় গলায় পিড়িত
মোদের কথা শুনলে কেবল জ্বলে।।

—ব্যক্তিগত সংগ্রহ, প্রশান্ত শেঠের কাছ থেকে (বানান অপরিবর্তীত)

ডুয়েট

(১)

বেকার স্বামী ও চাকুরে স্ত্রীর কলহ

স্ত্রী ঃ লাভ ম্যারেজ করে সারা জীবন ধরে
জ্বলে মরলাম হায়!
আস্ফালন তার শোভে কি যার
একটি পয়সার মুরাদ নাই!

স্বামী ঃ এ কথা ভাবোনি তখন
বিয়ে করেছিলে যখন,
বাসায় ডাকিয়ে চিঠি পাঠিয়ে (কত) প্রেম নিবেদন
তোমার তরে বাপ-মা ছেড়ে আমার এমন দশা হায়!

স্ত্রী ঃ হুজুর বলে ডাকবে
চলবে হুকুম তামিল করে
এদিক ওদিকে চললে দিব চাকরী খতম করে
তখন টো টো করে মরবে ঘুরে খাবে কি বল আখার ছাই।

স্বামী ঃ সরকারে যায় বলিহারী
এ যুগে আমারাই আনাড়ী
পুরুষেতে পায় নাকো কাজ চাকরী পায় নারী
এরা ছেড়ে হাঁড়ী, দুলিয়ে শাড়ী সব কাজই দখল করতে চায়।

স্ত্রী ঃ শক্তিস্বরূপিনা নারী
ইংলিশ চ্যানেল দিচ্ছে পাড়ি
হাতী নেয় বুকে রেবা রক্ষিতে দেখ বাহাদুরী
এই দেশের নাট সাহেব নারী আরো কত প্রমাণ চাই।

স্বামী ঃ আমার মত আছে যারা বেকার
আগে করতে শেখো রোজগার
তারপরে লাভ ম্যারেজ্ব করো নৈলে ভবিষ্যৎ অন্ধকার

স্ত্রীর রোজগারে ভরসা করলে আমার দশা হবে হায়।

স্ত্রী ঃ এতকাল ছিলে উপরে
নামিয়েছে স্বাধীন সরকারে
শাসন গর্জন চলিবে না আর পত্নীর উপরে
ভাল না লাগিলে যাব চলে— পতির মোদের অভাব নাই।

সংগ্রহ - ড. প্র.ঘোষ, মালদা

(২)

পুরুষ ঃ আধুনিক যুগের নারী তোদের সেলাম
তোরা মোদের পেয়ে সোজা চাপিয়ে বোঝা করছিস গোলাম।।
আধুনিক যুগের নারী তোদের সেলাম, তোদের সেলাম।

নারী ঃ হয়ে আধুনিককার স্বামী তুমি থাকছ 'ওল্ড ফ্যাসান'
মদ মাতালের সঙ্গে গাইছো গম্ভীরা গান
যার নাই কোনও সম্মান।
দেখ গাইছি আমি পপ ভাঁঙ্গারা আর 'ডিস্কো বিটে
জনতা উঠছে মেতে, করছে সম্মান, দিচ্ছে সেলাম।।

পুরুষ ঃ দুদিনের বৈরাগী হয়ে ভাতকে বলিস অন্ন
তোদের পপ ভাঙ্গারা বেঁচে আছে লোকগীতির জন্য
তোরা সব হয়েছিস বন্য।
কবিগুরু আর সুভাষ, চেখে এর শ্বাস, করেছে নাম
মালদাকে দিয়েছে সম্মান রেশম গম্ভীরা আর ফজলি আম।

স্ত্রী ঃ এতই যখন গম্ভীরা নিয়ে করছ ভাবনা
ইয়ংচ্যাপ'রা কেন এগিয়ে আসেনা
অন্যদেশে লোকসংস্কৃতির আছে তরিজুত।
গম্ভীরা নিয়ে কেউ ভাবো না সবাই শুধু রাজনীতির গোলাম।

ক্ষেত্র সমীক্ষা, রবিশংকর ঘোষের কাছে প্রাপ্ত, মালদা।

(৩)

ক্রেতা ও বেগুনবালি

ক্রেতা ঃ বেগুনবালী নাম্‌হা ডালি
দেখিও তোর বাইগন
নবাবগঞ্জ কি আছে
চাঙ্গা বাইগন?
বেগুনবালি...

বেগুনবালি ঃ লিবি লে দেরি করাস না
যাব বাবু পাড়া
এ বাইগন বেচবো টাকা জোড়া।

ক্রেতা ঃ বেগুন কানা লিব না
খুল্যা দেখা না
কইরবো টে লয়া-লবান
বাগুনেরকি লিবি তুই দাম

বেগুনবালি ঃ শুনেক ছোঁড়া তুই আমারকাছে
আগে আয়গে রে বাজার যাইচে
মুখ লাড়্যা কথা বলিস পাচ্ছে
বাগুন আছে তাজা আছে খিঁচা
নাইখো রে কানা—খোদ্‌রা।

ক্রেতা ঃ এমন কোন বাবু আছে জানা
দর করে না তোর বাগুনে
তোর দরে ল্যায় আদর করে।

বেগুনবালি ঃ ক্যারিং-এর ম্যানেজার বাবু অনিল রায়
সায়েদ মিয়া, জিয়া উকিল যে ল্যায়

দীলসুক মাড়ওয়ারি আর ধরমু চাঁদ যে ল্যায়
আবার দ্বারকা বিহানী করে টানাটানি
রাখবে বেগুন বিছন কর‍্যা।
এই বাইগন বেচবো টাকা জোড়া...

সংগ্রহ, পুষ্পজিৎ রায়, মালদা।

(৪)

নিরক্ষরতা অভিযান

জামাইবাবু ঃ সুনীতা, শুন হামার একটা কথা
দিস না বক্তৃতা
হাড় ভাঙ্গা পরিশ্রম করে
সন্ধ্যার পরে
আসি ঘরে
ক্যামনে করি লিখ্যা পড়্যাটা।।

শালি ঃ কেরালায়
এর্নাকুলাম জেলায়
সরকারি প্রচেষ্টায়
সবাই সাক্ষর
কেউ সেখানে নাই নিরক্ষর
সেখানে কর্মরত
চাষী-মজুর
তোমাদের মতো
(সেথা) দূর হয়েছে নিরক্ষরতা।

জামাইবাবু ঃ গাঁয়ে ইশকুল খুল্যায়ে
শিক্ষা দিচ্ছে

শুন্যাছি কানে
কোনদিন করে না ইশকুল
মোদের মাস্টার গানে
সরকার বৃথা বেতন গুনে।
এসব মাস্টার মশাই
করে বেতন আদায়
ডিউটির দরকার নাই
দূর করবে এরা নিরক্ষরতা।

শালি ঃ বহু মাস্টার
ডিউটি করে না
সত্য ঘটনা
(আবার) বহু ইশকুলে
বহু গ্রামে
ছাত্র জুটে না
এটাও সত্য ঘটনা।
জনমানসে
শিক্ষা বিকাশে
চেতনা জাগাতে
চাই গ্রামবাসীর সহযোগিতা।

জামাইবাবু ঃ লিখাপড়্যা
শিখ্যা কিবা
হবে উন্নতি
হাড় ভাঙ্গা পরিশ্রম
অবাব অনটন
চাষীর নিয়তি।

গরীবের এই তো নিয়তি।

লিখাপড়্যা শিখ্যা

কলম ঘুসতে যাব না

অফিসেতে

শিক্ষাতে নষ্ট হবে সময় বৃথা।

শালি ঃ যতদিন নিরক্ষরতার

থাকবে অন্ধকার

ভারতবর্ষে

ঘুচবে না কুসংস্কার

পরিবার-পরিকল্পনা

সফল হবে না

এই ভারতে

ঘুচবে না অস্পৃশ্যতা।

জামাইবাবু ঃ টিপ সহি দিয়্যা

লিলে ঠকিয়্যা

আমার জমিটা

চড়্যা সুদে

চল্যা গেল বাস্তু ভিটাটা

মুলে হামার মূর্খতা

শিখব লিখ্যাপড়া

দেখছি ক্যামন কর্যা

ঠকায় মহাজন

রুখব মহাজনের শঠতা।

ক্ষেত্র সমীক্ষা, প্রশান্ত শেঠের কাছ থেকে। ১৪.৪.১৪, মালদা

(৫)

দিদিমা বনাম নাতনি

দিদিমা ঃ আজ হয়নি মন্দ কিন্তু মন্দ হচ্ছে সে আমার মনে
শুধু সেমিজ পরে ঢ্যাং ঢ্যাং করে
চড়তে চল্লি কোন বনে।

নাতনি ঃ তুমি সেমিজ বলো কাকে
এটা ম্যাক্সি— আমেরিকে
ফরেন কাটি—নাইস-ফিটিং
ইয়ংকে দিই ভড়কে (দিস ড্রেসে)
মাদ্রাজ, দিল্লী, বোম্বে ক্যালকাটার সঙ্গে
অলওয়েজ রেডি কমপিটিশনে।

দিদিমা ঃ বাঙালির মান ইজ্জত খোয়ালি
দেখিয়ে বিলাতি ছেনালি
ইতরামি নোংরামি-দেশটাকে
তোরাই ডোবালি।
সীতা সাবিত্রীর দেশ করলে শেষ
তোদের কুচাল চলনে।।

নাতনি ঃ ধর্ম্মো কথা বলোনা আর
তোমাদের ছিরি কেষ্ট অবতার
কত লীলা করেছিল সবি জানি তার
ষোল শো গোপিনী নিয়ে
লাজ লজ্জার মাথা খেয়ে
কি খেল দেখায় বৃন্দাবনে।।

দিদিমা ঃ কার সঙ্গে করিস ট্যালি

আমার বনবালী

প্রেম করেছে মন ভরেছে

সেজে কৃষ্ণ কালী।।

সেই কৃষ্ণ গুনধর

মুরারী মনোহর

তার গুন শুনবি তো চল্ কীর্ত্তনে।।

নাতনি ঃ তারচেয়ে চলো দেখবে যদি ক্যাচার

একবার দেখলে চাইতে দেখতে বারবার,

ঠান্ডা মনকে গরম করে আহা কি!

সাজের বাহার উর্ব্বসী কিন্নরী

খাবে হুমরি মত মাতানো বস্ত্র বিপ্লব নর্ত্তনে।

দিদিমা ঃ নোংরা ন্যাংটা নাচে

বিষ ছড়াবে সমাজে

ধ্বংস করল দেশের কৃষ্টি

দুষ্ট মগজে

যত কুনাটক সিনেমার

তোদের চিবিয়ে খায়

শত্রু আর শয়তানে।

সুস্থ সংস্কৃতি রক্ষা করতে

নামতে হবে আন্দোলনে।

— সংগ্রহ, দোকাডি চৌধুরী, পুলকেশ সিং, মালদা

(৬)

ইংরেজী কলহ

নারী ঃ টেক কেয়ার ফরদি ফিউচার
নেচার তোমার খুব রাবিশ
চড়িয়ে ভাঙ্গবে দাঁত দুপাটি
মাইন্ড দ্যাট রে—ফুলিশ।

পুরুষ ঃ রুখ লেকচার আর হট টেম্পার
মাই সিসটার দিদিমনি
বাইচান্স—একসিডেন্ট
কি হলো এমন—
খুব জখম তো হওনি।

নারী ঃ স্বাধীন যুগের আমরা লেডি
পরদাসীন নইতো বাঁদী
লেট ইটগো সমাজ বিধি
হলে ফ্যাসনে দিই মালিক

পুরুষ ঃ স্বাধীন যুগে তোমরাই ধন্য
আমরা পুরুষ অতি নগন্য
হাট গটগট করে— যেমন রণ বঙ্গনা

নারী ঃ লিয়া ট্রেনিং পেয়েছি—পাওয়ার
মিসলিড করিব নেভার
ফেমাস ফেমিলির আমি ডটার
কিয়ার ফলি কথা বলিস।

পুরুষ ঃ হাল ফ্যাসানে তোমরাই দড়
সাইকেলে চড়ে ঘোড়ায় চড়
আবার হারেমোনিয়ামে প্রাকটিস্ কর

সারে গা-মা-পা-ধা-নি।

নারী ঃ মোদের লিয়া করিস কালচার
বুঝবি কিসে নারী ক্যারেকটার
টার্ম মোদের ব্রাদার সিষ্টার
সরি কথা সত্যি জানিস।।

পুরুষ ঃ কিসের বালাই ডোন্ট কিয়ার
তাই ফ্রি গতি এভ্রি হোয়ার
ড্রেসিং পেনটিং ফুল কিয়ার
যেন বিলাত হতে আমদামী।

নারী ঃ নিট্ এ্যান্ড ক্লিন আরপরিপাটি
ফরদি দি হেলথ কথা খাটি
সেফ সাইডে ব্যাগ ভেনেটি
মানি মেটার কি কম জিনিষ।

পুরুষ ঃ শাড়ীর বাহার আর ব্যাগ
ভেনেটি বাহার ইনসাইড এমটি
নারীর ধরণ করলি মাটি
হায়ে রে বখা রমণী।

নারী ঃ ডিগ্রী লিয়া হব অফিসার
লক্ষ্মী সেজে মানবোনা তো আর
ডোন্ট টিটকারি লুক ওভার
কভার ফাঁকা তোরা থাকিস।

পুরুষ ঃ তোদের কথা বলব কি আর
সব ডিপার্টমেন্ট করেছ ক্যাপচার
হল তোদের প্রেসারে অস্তি ফ্যাকচার
তখন জংগলে দিব লং জার্নি।।

নারী ঃ শাস্ত্র পুরাণ সামনে ধরে মোদের করিস টিট্

ফ্রিডম মোদের লিয়ে কেড়ে
আকাশের গায়ে জাল বুনিস।।

পুরুষ ঃ তোমরা তাজা মাছে পোকা মার
আর বারা ভাতে মাছি মার
আবার কিলিয়ে কাঠাল পাকাতে পার
ড্রেন পথে কর রপ্তানি।।

নারী ঃ ফাইটিং এর ফল ভীষণ যেমন
আই শ্যাল টিচ হাউ এ গুন লেশন।
হেবিপাপে ঘটবে পতন
কেলে কাল নাগিনীর টেল টানিস।।

পুরুষ ঃ প্লিজ এক্সকিউজ ম্যাডাম মাইন্ড নট
মাই লেশন

—সংগ্রহ, উৎপল দাস, পুলকেশ সিং (লেখক কতৃক ব্যাবহৃত বানন অপরিবর্তীত)

টপ্পা বা রিপোর্টিং

(১)

ভোলা তোর তালাতো খুলবে না আর
জাপানী তালা শক্ত খোলা
চাবি পাওয়া বিষম ভার।

(২)

বিধি বড়ই নিদারুণ
মালদায় লেগেছে আগুন
ব্যারামের নাই আদি অন্ত
দেখিনি এমন বসন্ত
কেউ পরেনি বাদ খেয়েছে সাদ
সাদ খেতে সাধ থাকলো আমার।

(৩)

মালদার রামকৃষ্ণ মিশন
করলো কাপড় বিতরণ
যত ছিল বেওয়া রাঁড়ী
সকলে পেল বেশ সাড়ী
না পেয়ে সাড়ী কতক নারী বলে কেন
মরেনি ভাতার।

(৪)

বসন্ত বাড়ির আসে পাশে
ঢেকে দাও ভুঁই সবজী চাষে
রোজ তুলে রোজ তাজা খাবে
ভাতের অভাব দূরে যাবে
যদি বকরি দিয়ে চাষ হত ভূঁই

গরু কেউ কিনতো না আর।

(৫)

বড় আশা ছিল মনে
কলেজ হবে টাউনে
মালদার রথী মহারথী
সবাই উঠেছিল মাতি
শেষে উড়ে এসে কাক লাগিয়ে দিলে পাক
ক্ষতি হল গরিব গুরুতার।

— ক্ষেত্র সমীক্ষা, প্রশান্ত শেঠ, ১৫.৪.১৪, মালদা।

(৬)

ধন্যরে ধন্য সব যুগে গণ্যমান্য
অমলাতন্ত্র ধন্য রে তোরা
ইংরেজের দাস যাইনি অভ্যাস
দুর্নিতী ভরা।।

(৭)

ছিল স্বাধীনতার পূজারি যারা
নির্যাতিত তোদের দ্বারা তারা
বৃটিশ প্রভুর আদেশে মত্ত ছিলি ভাতীর দেশে
দেশে ভাইয়ের পিঠে মেরেছিলি কোড়া।

(৮)

ভারত হতে লাল মুখের বিদায়
এ ছাড়া আর তো কিছু বদলাই নাই
দুর্নিতী, চোরা কারবার— না কমে, দিনে দিনে প্রসার
যত করছে সরকার ব্যবস্থা কড়া।

(৯)

দুর্নিতী দমন ব্যবস্থার ফলে

টেংরা পুঁঠি পরে তোদের জ্বালে

রইু, কাতল, রাঘোব বোয়াল, পালাই টপকে তোদেরজ্বাল

বানিয়ে তোদের বোকা ভেঁরা।

(১০)

চিট্‌ফান্ডের শিকার দিকে দিকে রঙ তুলি দিব দিদিকে

কোটি কোটি টাকার ছবি এ্যাঁকে দিবে আমানত কারিকে

কোন চিন্তা থাকবে না আর

নিজস্ব সংগ্রহ, অমর মণ্ডল, ১৮.৪.১৪, মালদা

(খণ গান)

১

বন্দনা গান

১

হামরা করি বন্দনা বর্মা বিষুত মহেশ্বর তিন জনা।।

পুরুবে বন্দনা করি ধর্ম ঠাকুরের চরণ বন্দি।

তাহার চরণে হামরা পরণাম করি।।

উত্তরে বন্দনা করি কালী মায়ের চরণ বন্দি।

তাহার চরণে হামরা পরণামও করি।।

পশ্চিমে বন্দনা করি পির সাহেবের চরণ বন্দি।

তাহার চরণে হামরা সালাম করি।।

দক্ষিণে বন্দনা করি গঙ্গামায়ের চরণ বন্দি।

তাহার চরণে হামরা পরণাম করি।।

বন্দনা সমাপন হইল শুনেন দশজন।

এই আসরে গাইম হামরা ...... খণ।।

সংগ্রহ, ধনঞ্জয় রায়, কুশমন্ডি, দ.দিনাজপুর।

২

বন্দি হাম্‌রা রূপ সনাতন, প্রথমে বন্দেশ করি যতয় দেবগন

পূর্বে বন্দনা করি ধরম মায়ের দুই চরণ

তাহার চরণ করি মস্তকের উপর। (ক্রমান্বয়ে এবার উত্তরে কালি, দক্ষিণে গঙ্গা, পূর্বে - ধর্মঠাকুর, এবং পশ্চিমে-পির পয়গম্বর-এর বন্দনা করা হলে পালা শুরু হয়)

৩

ও আমরা বন্দিগো নারায়ণ
শ্রীকৃষত বন্দিয়া লৈনু যত দেবগন।
মরি আদি গুরুর চরণ বন্দি মস্তকের উপর
দক্ষিণ গুরু দুইতি বন্দি নিরন্তর।

মরি পুরুবে বন্দিয়া লৈনু ধর্ম নিরঞ্জন
উত্তরে বন্দিয়া লৈনু কালী মায়ের চরণ।
যার পশ্চিমে বন্দিয়া লৈনু পির পয়গম্বর
দক্ষিণে বন্দিয়া লৈনু গঙ্গাত্রী সাগর।
মরি গাও মধ্যে বন্দি লৈনু গায়ের গারাম
আসরে বন্দিয়া লৈনু দশ তনার চরণ।

—ক্ষেত্র সমীক্ষা, অফুল বালা সরকার, ১৮/২/১৫, কুশমণ্ডি, দ. দিনাত্পুর।

৪

এ কী হইল রে সোনার দেশত প্রকৃতি তাতিছে আগুনে,
বিষ্টি নাই বারি নাই অনাবৃষ্টিতে মরিলো যে গাঁও।
একী হইলো রে।।
আকাশে তো তল নাই ক্ষেতের ফসল মরি গেল রে।
হামরা কুনবা আত্তের কাথা কহিচু দিনাত আত্তর কাথা।।
মা, শীতল মাতি একি হইলো রে।
ক্ষেত ফাতিয়া চুর চুর হইলো রে।
তামাম বৃক্ষের পাতাগুলা অদের তাপে পুড়িলো রে।।
হায় হায় মাতিত শুধুই শুকনা পাতা মরি পড়িছেরে,
হামরা কুনবা আত্তের কাথা কহিচু, দিনাত আত্তর কাথা।
আকালে ক্ষুধার ত্বলায় মরি গেইলোরে নদারিগুলা।

ও হরিরে বহু নোক মারা গেইলো,
ও আত্ত তুই হে মোদের বাঁচা —
তুই হে মোদের প্রভুরে,
হামরা কুনবা আত্তের কাথা কহিচু, দিনাত আত্তর কাথা।।
আত্তর কৃপায় উত্তড় হইলো রে ভাণ্ডারের চাউল-ডাল।
দয়ালু আত্ত আমনাথ বাচালু হাত্তর হামীর প্রান রে।।
হামরা কুনবা আত্তের কাথা কহিচু। দিনাত আত্তর কাথা রে।।

— ঐ

৫

পুরুবে বন্দনা করি ধর্ম ঠাকুরের চরণ বন্দি
ধর্ম ঠাকুরের ছিরি-চরণে তনাই প্রনাম।
পশ্চিমে বন্দনা করি পির সাহেবের চরণ বন্দি
পির সাহেবের ছিরি চরণে তনাই প্রনাম।
উত্তরে বন্দনা করি দূর্গা মায়ের চরণ বন্দি
দূর্গা মায়ের ছিরি চরণে তনাই প্রনাম।
দক্ষিণে বন্দনা করি গঙ্গা মায়ের চরণ বন্দি।
গঙ্গা মায়ের ছিরি-চরণে তনাই প্রনাম।
আসরে বন্দনা করি দশ ঠাকুরের চরণ বন্দি
দশ ঠাকুরের ছিরি-চরণে তনাই প্রনাম।
শুন শুন তমরা দশ ঝন এই আসরে গাউনা হবে
আধিয়ার বিদ্রোহ তেভাগা আন্দোলন।

— ক্ষেত্র সমীক্ষা, খুশি সরকার, ১৪/৪/১৫, কুশমণ্ডি

৬

শুনেক দাউগে শুনেক বহিনাগে
এডস্ মরন ফান্দে উড়াই পরেন না

তুনি সুখত মন মাতিলে
ত্নবনত তমার বাচবা নাহা
শুনেক দাউগে শুনেক বহিনাগে
এডস্ মরণ ফান্দে উড়াই পরেন না।
একত বাউদিয়া একত বাউদিয়ানিত
গতরের না হয় যাহার সুখ
লিঙ্গ চাখলে ভেললা গতর গতরে
এইডস্ হবেই গতা ত্নবনতায় দুখ
শুনেক দাউগে শুনেক বহিনাগে
এডস্ মরণ ফান্দে উড়াই পরেন না।

— ক্ষেত্র সমীক্ষা, ঐ

৭

নিরকখরা দূর করিতে
সাকখরতে দেউরে মন
ওমন — মনরে —
নিরকখরা দূর করিতে
সাকখরতে দেউরে মন।

ঘরে ঘরে রব তুল
সাকখরতার আলই ত্নল
নিরকখর থাকব না কেউ
ত্নবন মরন কর পণ।
গেরামে গেরামে, যত পারা পরশী
হব মরা একই সাথী
লেখা পড়া শিখম মরা

কর সবাই একই পন
নিরকখরা দূর .... দেউরে মন।

সবাই মিলে দলে দলে
চল যাই-ভাই ইসকুলতে
কি গরীব কী মহাতন
নিরকখরা দূর .... দেউরে মন।

ক্ষেত্র সমীক্ষা -১৮/৬;১৫ ঐ

৮

শুন দেশের মানুষ
ছুয়াক পোলিও খিলাইতে না হবেন বেহুশ
ধরিলে পোলিও রোগ
জীবন হবে কাবার,
সেই তাংনি ছুয়াক
পোলিও খিলাবেন বার বার
খাইলে পোলিও ডোত
হবেনা লেংড়া খোড়া,
পোলিও মুক্ত দেশ
পাম হামরা পুরা।

ক্ষেত্র সমীক্ষা, ঐ

আলাকাপ

বেশির ভাগ ক্ষেত্রেই অলকাপের বন্দনা শুরু হয় গম্ভীরা গানের মত শিবের বন্দা দিয়ে। এছাড়া অন্যান্য দেবদেবী পীর পয়গাম্বরের বন্দনা এবং আসর বন্দনাও হয়।

বন্দনা

(১)

বলি ওহে পশুপতি করি তোমায় মোর মিনতি।
দিবেন চরণ দুখানি ভরাবেন আপনি।।
বলি ওহে পশুপতি করি তোমায় মোর মিনতি।
দয়া করে এই আসর ভরাবেন আপনি।।
খাও হে আতপ কল ঘাড়ে দেখি ঝোলা
গলায় দেখি হাঁড়ের মালা ফণার বোঝা শিরে
ভোলা এস্যাছে দেশে, পুজা খাওয়ার ও আশে
অস্পষ্ট চ্যাড়ে দে গে এ্যাঁড়ার উপর চড়ে।।

ক্ষেত্রসমীক্ষা, উমেশ মন্ডল, ১৫/৭/১৪ ঋষিপুর, মালদা

(২)

ওমা ভবেশ্বরী তুমি মা ঈশ্বরী
দিয়ে চরণ তরী ভবে কর পার।
পড়িয়ে ফাঁপড়ে ডাকি মা তোমারে
এ ভবসাগরে নাই পারাপার।।
যান্ত্রিক হয়ে মাগো তুমি যন্ত্র বাজাও।
কণ্ঠে বসে মাগো সুবোল বলাও।।
তুমি আদ্যশক্তি তুমি ভগবতী
থাকে যেন মতি চরণে তোমার।।

ক্ষেত্র সমীক্ষা, ঘিনু প্রামাণিক, ১৮/৭/১৪ চাঁদপুর, মালদা

(৩)

জগৎজননী মাগে তারা
জগৎকে তরালি আমারে কাঁদালি
আমি কি মা তোর চরণ ছাড়া
জগৎজননী মাগো তারা।।
দিবা অবসান রজনিকালে
দিয়েছি সাঁতার শিবদুর্গা বলে।
মাগো জীর্ণ তরী, তুমি হও কান্ডারী
ডুবলো ডুবলো তরী ভবেরই তাড়া
মাগো জগৎ জননী তারা।
কোথায় মা তুই একর্ম শিখিলি
দ্বিজ রাম প্রসাদে দিয়ে সাড়া
মা হয়ে পাঠালি মাসিদের পাড়া
কোথায় গিয়েছিলি, একর্ম শিখিলি
মা হয়ে সন্তান হারা
জগৎ জননী মাগো তারা।

—মিহির ভট্টাচার্য, লোকশ্রুতি-১৯৯৯, পৃ-২৭৪

(৪)

মাগো বাক্‌বাদিনী জ্ঞান প্রদায়িনী
নমামী জননী বীনাপানি।
নাই কোন বুদ্ধি বল দেহ দেহ কণ্ঠ বল
ভরসা কেবল রাঙা চরণ দু'খানা।
মোরা মূঢ়মতি ওমা সরস্বতী
করো গতি মাগো সম্প্রতি
শ্রীপদ ভরসা করে নামি মাত্র আসরে

বীণা করে এসে দাড়াও গো বাণী।

– ক্ষেত্র সমীক্ষা, ঘিনু প্রামানিক, পূর্বোক্ত

(৫)

বন্দি বীণাপানি, বিদ্যাদায়িণী

শ্বেত সরস্বতী সরোজবাসিনী

কন্ঠে দে মা সুর লহরি

যন্ত্রে দে মা শব্দ মাধুরী

চিত্তে জ্বেলে দে জ্ঞানের প্রদীপ

বক্ষে শক্তি, জ্ঞানদায়িনী

বন্দি.....দায়িণী।

মন্দিরে তব আলোর বন্যা

বিশ্বমাতা স্বনাম ধন্যা

আমরা কয়জন করি নিবেদন

শ্রীচরণে রাখি মধুর বাণী

বন্দি.....দায়িনী

.....সরোজবাসিনী।

— মহবুবইলিয়াস,আলকাপগান, পৃ-৩, বাংলা একাডেমী, ঢাকা।

(৬)

বাংলা মা তোর আকাশ মাটি জল

তোর গতর হৈতে এই মাটিতে

সুবাস বহে চিরকাল

বাংলা.....জল।

পরথমে বন্দিনু দশকোটি জনগন

শিরোদিগে বন্দিনু পর্বত হিমালয়

যার গতরের ঘামে দ্যাশের মাটি ভিজায়

ভাঠিতে বন্দিনু হামি বঙ্গোপসাগর
হরেক রকম মাছ জরম এ পানির ভিতর
দ্যাশ বিদ্যাশের জাহাজ নুঙ্গুর হয় বাংলার ঘাটে
আমদানি-রপ্তানি ব্যবসা কুলি-মজুর খাটে
বাংলার ঘরে ঢুঁকার এই তো দরজা
এই ঘরের শোভা এই দরজার দশকোটি প্রজা
পুবেতে বন্দিনু চিক্যাস বাংলার আসমানে
চান্দির ল্যাহান চিক্‌চিক্যা রৈদ্‌ দ্যাশের জমিনে
পচ্চিমে বন্দিনু সোনা মস্‌জিদ তোহাখানা
এখ্যানে গাইড়্যাছিলো পীর-দরবেশে আস্তানা
ওপরে বন্দিনু আস্‌মান রহমান ভগবান
যার দয়ার গুনে লেখি আইজক্যার গান
তারপরে বন্দিনু হামার পায়ের তলার মাটি
যে মাটিতে গড়িলো পাক এই দেহ পরিপাটি
মাটি হামার দ্যাশের সোনা মাটি হামার মা
কুন্‌কালে কে ছুঁইলে হৈবো দশ কোটি সোনা
ভাবিদিনের ভাব্‌না বন্দিনু
দ্বন্দ্ব মন্দ হোক অচল
তোর গতর হৈতে এই মাটিতে
সুবাস বহে চিরকাল
বাংলা মা তোর আকাশ মাটি জল।

প্রাগুক্ত, পৃ-৪

(৭)

কেন মা শ্মশানে গিরিরাজ কুমারী
কেন মা তোমার এমন বেশ।

উলঙ্গ উন্মত্ত হয়েছো কি মাতো
নাই কি তোমার লাজের লেশ
অসুরের রণে জনম লয়েছো
অঙ্গের বসন মা কোথায় ফেলিয়াছো
মুন্ডমালা গলে ঝলমল ঝুলে
হাতে আসি মায়ের দীঘল কেশ।

— ড. ফণী পাল, আলকাপ, পৃ-৭৯, লোকসংস্কৃতি পরিষদ, মালদা।

(৮)

জয় জয় মা বাক্‌বাদিনীর জয়
জয় জয় ওস্তাদ তানসেনের জয়
জয় জয় খাজা মঈনুদ্দিন চিস্তীর জয়
জয় জয় ওস্তাদ ঝাকসুর জয়
জয় জয় সিরাজ মাস্টারের জয়
জয় জয় গয়ানাথ সরকারের জয়।

— অতসীনন্দ গোস্বামী, আলাকাপ, পৃ-৫৮, এবং মুশায়েরা, কোল।

অনেক সময় তৃতীয় ও চতুর্থ লাইনের মাঝে 'বোনাকানার জয়' বলা হয়। বোনাকানা হলেন বনমালি প্রামানিক। অনেকে মনে করেন ইনিই আলকাপের স্রস্টা।

(৯)

এসো মা সরস্বতী সর্বমঙ্গলা।।
তোমাদের নামের গুনে বেড়াই মোরা ত্রিভুবনে
দয়া করো দয়াবতী আমরা অবলা
এসো মা সরস্বতী...।।
তোমার আসরে বাজে ঢোলক ডুগি তবলা
তোমার আসরে বাজে হারমোনিয়াম বেহালা।।
জুড়ি বাজে তালে তালে এসো মাগো ছেলে দুলে

দয়া করো দয়াবতী...।।

— শক্তিনাথ ঝা, আলাকাপ, পৃ-১১৪ লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, কোল।

(১০)

শুনুন শুনুন বন্ধুগন করি নিবেদন
আলকাপের আন্দোলন করিল যে জন।।
তাহার চরণে আমি প্রণাম জানায়
ষোলজন ছাত্র দেশের মধ্যে রয়।।
সুবল কানা, সুবেদ আলি, গোপাল চন্দ্র দাস
ফিরোজ আলি, লাল মহম্মদ, মদন ও প্রকাশ।।
রবি, মঙ্গল, তারাপদ, গোপীনাথ দাস
সুশীল কুমার, লোহারাম আর মন্টু বিশ্বাস।।
এভাবে তো আরও অনেক জনা আছে
আপন আপন দলে তারা গান করে বেড়াচ্ছে।।
পঞ্চরসের দল গড়ে ঝাকসু ওস্তাদ গায়
বীরভূম মালদহে কত জেলায় যায়।।
গুরুর গুরু ঝাকসু যে ভাই বলিয়ে জানাই
আলকাপের আদি অন্ত তাহার কাছে পাই।।
এখন তবে বন্দনার হোল সমাপন
পালা গানের কিছু কথা করব আয়োজন।

— শক্তিনাথ ঝা, ঝাকসু, পৃ-৫৫, লোকসংস্কৃতি ও আদিবাসি সংস্কৃতিকেন্দ্র, কোলকাতা।

(১১)

প্রথমে মোনাকসার বোনকানা আলকাপ গান করে রচনা।
তার পরেতে সুবেদার ভাই, বাড়ি তাহার মালদহেতে হয়।
তার পরেতে ঝাঁকসু সরকার নামটি শুনি, তার জঙ্গীপুরে বাড়ি জানি;

আলকাপেতে সে বিখ্যাত রে ভাই।।

জাগিরুদ্দীন যাহার নাম, তার নূরপুরেতে হয় গো ধাম;

ঝাঁকসু জগু এক সঙ্গেতে গায়।।

কার বা কতো করবো নাম, এবার সুনেন সুবল কানার গান

এই বলে ভাই, আমি দশের কাছে প্রণাম জানাই।।

ওয়াকিল আহমদ, বাংলা লোকসংগীতের ধারা, পৃ-১৭৮, ২য় খন্ড, গতিধারা, ঢাকা।

খেমটা / বৈঠকী

(১)

মাগো মা কোন গাঁয়ে বিয়ে দিলি

তোর জামাই ভালো বাসে না

মরা খাবার সময় খায়

কোথায় চলে যায়

কাজের সময় মরা আসেনা।

আমি বাপের বাড়ি যাব

আর না আসিব

আনতে গেলে আসবো না গো।

ক্ষেত্রসমীক্ষা, করুণা কান্ত হাজরা, ৬/৮/১৪ সুন্দরপুর, ভগবান গোলা, মুর্শিদাবাদ।

(২)

যার তরে অ্যাজ ঘর ছ্যাড়লাম্

তারে প্যালাম কই

পীরিতেরই জ্বালায় সখীরে

জ্বল্যা মল্যাম সই।। যার তরে...

হায়রে বিধি, একি রীতি

কে জানে হায় কোন পিরীতিরে,

ঘর ছ্যাড়্যা অ্যাজ পরের ঘরে,

পাগল হয়্যা রই। যার তরে...

অঙ্গ জ্বলে, পরাণ জ্বলে, নয়ন জলে ভরে,

তবু ক্যানে অ্যামন কোর‍্যা, তাখে মনে পড়ে,

হামার একূল ওকূল হয়্যা রই।। যার তরে...

ক্ষেত্রসমীক্ষা, দানেশ খালিফা, ২৫/৮/১৪ সুজাপুর, মালদা,

(৩)

ওটে সাফিনা হামার

কাদো ঘাঁটায় হোড়্ক্যা গেনু

নিক্যা হো'লোনা।

কুন্ দোষেতে আল্লা হামাক্

দিলে অ্যামুন্ যাতনা।।

তোর রূপে মোজ্যা ভারি

কোরণু কি যে ঝক্মারি

এখন জান্ বাঁচেনা, কপাল দোষে

উপায় কি করি।

তোর মুচ্কি হাসির ফাঁদে পোড়্যা

ঘাঁটায় খাড়ো তাল্ কানা।।

— কাদো ঘাঁটায়...

তোর ঘন কালো চুলে

আর কান বাহারী দুলে

তোর চোখের ঠারে ঠাট্-কুহুঁরা

আঁচ লাগ্যালো দিলে।

এখন যয়ানি মরদ্ মোরছি জ্বোল্যা

আনহার ঘরে বিছানায়।।

ক্ষেত্রসমীক্ষা, ম.কাশিম, ২৬/৮/১৪ মেহেরাপুর, মোথাবাড়ী,মালদা।

(৪)

কোকিলারে ডাকিস নারে আর
এখনও যে প্রভাত হয়নি
আছে অন্ধকার।।
ওরে তোর রবেতে জাগবে সবে
বন্ধু এসে ফিরে যাবে।
ব্রেথা নিশি জাগা হবে আমার।
মোর মিনতি রাখলো কোকিল
মোর মিনতি রাখ
আসিতেছে প্রাণ বন্ধু
বন্ধকর তোর রব।।
আজ বড়ো আনন্দের দিন
সারা রাত্রি হয়নি নীন্।
বন্ধু বিনে জীবন বেকার।।
এখনও যে প্রভাত হয়নি
আছে অন্ধকার।

সংগ্রহ, ড. শচীন বালা, মালদা।

(৫)

ওরে আমার নাইয়া
আজ উজানে চলরে মাঝি
তোমারি নাউ বাইয়া।
নদীর পথে কুলের ধারে
পাটের ক্ষেতে পাশে রে

আজ সাঁজেতে চলরে মাঝি
যাইব গান গাইয়া।
বধু আমার শুনলে গান
আসবে যে গো ধাইয়া
বধুরা দেখা পাইলে মাঝি
দিব আমার হিয়া।

— মঃ নুরুল ইসলাম, আলাকাপ, পৃ-২৭-২৮ লোকসংস্কৃতি ও আদিবাসি, সংস্কৃতিকেন্দ্র

(৬)

স্বামী মরুক মরুক চাক্‌রী থেকে বাদ পড়ুক
নতুন যৌবনের স্বামী এলো নারে,
স্বামী মরুক মরুক।
বুকেতে কমল কলি বিছানায় মলিদলি
বালিশের সঙ্গে পীড়িত চলে নারে।
স্বামী মরুক মরুক।
বাড়িতে চাকর এ্যাকটা সে ব্যাটার বুদ্ধি মোটা
মাসী ছাড়া কিছুই বলে না রে।
স্বামী মরুক মরুক।।
সংগ্রহ, ড. ফনীপাল, মালদা।

(৭)

বীতি গায়িরে মোরে বারে উমারিয়া
যাবে মোরা ব্যয়েস ভেলা বার বর্ষা কাজী
বরো বরষকা।
তাবা মোরা ম্যান ক্যরা শাড়ী পিন্‌হেন্যেকা।
বীতি গায়িবে মোরে বাবে উমারিয়া।।
যাবে মোরা ব্যয়েস ভেলা ষোল বরষা কাজী

ষোল বরষা কা।

তাবা মোরা ম্যণ ক্যরা পিয়া সভা বলবেশ

বীতি গায়িবে মোরে বাবে উমারিয়া।।

যাবে মোরা ব্যয়েস ভেলা বিশ বরষা কাজী

বিশ বরষকা।

তাবা মোর ম্যণ ক্যর‍্যা লাড়কা খেলাবা কা

লাড়কা খেলাবা কা

বীতি গায়িরে মোরে বারে উমারিয়া।।

—ক্ষেত্র সমীক্ষা, মহঃ ইলিয়াস, চন্দপুর, মালদা

(৮)

সাধেরও বধূযা, লিল্যা মন্ চান্দুয়া

লীল আস্মানের তলে

লীল ঠেঁঠি কিনিয়্যা দিল্যা

ছাপা, সৈন্জ্যামুনির ফুলে

সাধের..... তলে

তোলার ব্যাসোর লাখে পরিনু

লোতুন ঠেঁঠি সাঁন্জে পিন্দিনু

সুন্দরী কলসি কাঁখে লিয়্যা

গেনু, লীল-যবুনার কূলে

সাধের .....তলে

সন যবুনায় উথাল পাথাল

প্রেম যবুনায় ঢেউ

চান্নি নিশি বাজায় বাঁশি

তুমি বিনা মা কেউ

সোনা-ফুল চিল্ মিল্ চিল্ মিল্

শঁশের ডোগায় ঝুলে

সাধের .....তলে।

সাধের বধূয়া, লীল্যা মন্ চান্দুয়া

লীল্ আসমানের তলে

লীল ঠেঁঠি কিনিয়া দিল্যা

ছাপা, সৈন্জ্যামুনির ফুলে

সাধের .....তলে।

মহবুব ইলিয়াস, নবাবগঞ্জের আলকাপ, পৃ-৫, পূর্বোক্ত

(৯)

রাধিকে রানু, কি জানো জাদু প্রেমের ভুবনে।

যৈবুন আগুন দাউ দাউ করে পিরিত অঙ্গনে।।

তোমার মাস্তুলে সপ্ত পালে রঙধনু রঙ উজান চলে

মনে গঙ্গায় ঢেউ উথলে হাইল ধরিবে কনুজনে।

জীবন কালি হৈল রে রাধমু একটু পিরিত লাগি,

লযবুন বন্দি রাজ-খোয়াড়ে সারা নিশি জাগি।

স্বপনে তোর সুরত চুমি তোর পিরিতের দাগী,

যৈবুন ক্ষয় হৈল রে রাধু তোরই কারণে।।

— ওয়াকিল আহমদ, বাংলা লোকসঙ্গীতের ধারা, পৃ-১৮০ ২য় খন্ড, পূর্বোক্ত

ছড়াগান

(১)

(নকশি কাঁথার বন্দনা)

নবাবগন্‌জে বাড়ি
নামঃ শরীফ আব্দুল বারী
নক্‌শি কাঁথা ঢাকা শহরে
বিক্রয় করি।
নানান্‌ রংয়ের নকশি কাঁথা
হরেক রকম ডিজাইন আঁকা
বহুরকমারি।
নকশি কাঁথা ঢাকা শহরে
বিক্রয় করি
নবাবগন্‌জে.....করি।

আছে লাল সবুজ কালো
গোলাপি হলুদ আর ধলো
মেরুণ ফিরোজা নীল
আছে বট্‌ল বুলো।
আছে বারো রঙ্গা নক্‌শি কাথা
নক্‌শি সুন্দরী
নক্‌শি কাঁথা ঢাকা শহরে
বিক্রয় করি
নবাবগন্‌জে.....কবি।
আছে হরিণ নকশি কাঁথা
আছে শাপলা নকশি কাঁথা

আছে দোয়েল নক্‌শি কাঁথা
ইলিশ নক্‌শি কাঁথা আছে
কই সত্য কথা—
আছে গোলাপ গাভী হংসরাজ
তবলা বেহালা নক্‌শি আছে
তানপুরা এস্‌রাজ।

আছে বারো নক্‌শার নক্‌শি কাঁথা
নক্‌শায় আছে দ্যাশের কথা
নক্‌শি মাঠে জ্বল্‌জ্বল করছে
বারো কোটি ব্যাথা।
নেবেন গো নক্‌শি কাঁথা
নক্‌শি কাঁথা ঢাকা শহরে
বিক্রয় করি।
নবাবগন্‌জে বাড়ি
নামঃ শরীফ আব্দুল বারী
নক্‌শি কাঁথা ঢাকা শহরে বিক্রয় করি।

—বাংলাদেশের লোকজ সংস্কৃতি গ্রন্থমালা-চাপাই নবাবগঞ্জ, পৃ-৩৪৫-৪৬

(২)

ব্যাঙের কুর কুরাণে সর্প কভু ভীত নয়
কভু ভীত নয় মহাশয়, কভু ভীত নয়।

বর্ষাকালে ব্যাঙ বলে আমি ব্যবিষ্টার
আমার কাছে কি লাগে উকিল ব্যারিস্টার।
কেবল মনের আনন্দ তোর

বৃথাই করিস সরগোল, মনের আনন্দ তোর।

গরমকালে যাবি ভুলে পাবি না উপায়
ব্যাঙের কুরকুরাণে সর্প কভু ভীত না হয়।
বাঘ সাজিয়ে যাও বনেতে হইয়া বিড়াল
পন্ডিত কভু হতে পারে বনের শৃগাল।
ভন্ড করে গন্ডগোল হইতে সন্ন্যাসী
ঘুগরা বলে মাটি চেলে উল্টে দিবো কাশী
কেঁচো বলে হাইগা করবো ফিরোজ মিনার
তাকি কভু হতে পারে ওরে কুলাঙ্গার।

ও তোর তুইল্যা দিবো মূল জড়
একটুখানি সবুর ধর, তুইল্যা দিব মূল জড়।
কথায় কথায় বলবো হেথায় নাহি রাখি ভয়
ব্যাঙের কুরকুরাণে সর্প কভু ভীত নয়।

চোর যেমন ইচ্ছা করে সদাই অন্ধকার
রমণী যেমন ইচ্ছা করে বারুক অলংকার
বুড়ি যেমন ইচ্ছা করে হইতে যুবতী
রাখাল যেমন ইচ্ছা করে হইতে নৃপতি,
শিশু যেমন ইচ্ছা করে চাঁদকে ধরিতে
ন্যাঙরা যেমন ইচ্ছা করে পর্বত টপিতে
ও তোর সে সব বুদ্ধি খাটবে না,
ভুলাব ওস্তাদিপনা, সে সব বুদ্ধি খাটবে না।
আমাদের মতে এটি খেউড় গান।

সংগ্রহ, ড. ফনীপাল, মালদা।

(৩)

চোখের জলে বুকভেসে যায়
গান্ধী মরণে
ও সে, দিনের প্রদীপ নিভায়ে গেল
এ হিন্দুস্থানে।
আজ যদি তিনি থাকতেন ভবে
দেখিতাম গো আমরা সবে।
সেবিতাম তাহার পদে আমরা
সব জনে।
চোখের জলে.....
আমি ভগবানের নাম স্মরণ করি
বিরাহ ভাব প্রকাশ করি এই ভারত স্বাধীন যাহার বচনে।
শোনেন আমার মুখের বাণী
বলতে শিহরে পরাণ-ই হিন্দুস্থান নাম রাখিল যে জনে।।
নবাব সিরাজ পড়ল ধরা
হয়েছিল স্বাধীন হারা দু'শ বছর পরের অধীনে।।
রাজা কিংবা মহারাণী
গান্ধী বাক্য নিল মানি ছিল মেল ইংরেজের সনে
১৯৪০ ইংরেজিতে
লাগল এক বৈঠকেতে পাকিস্তানের দাবী কয়েক জনে।
স্বাধীনতার সংগ্রাম করে
কতজনা গেল মরে ক্ষুদিরামের ফাঁসী সে কারণে।।
আমি পয়ার ছন্দে বলে যাই—
গান্ধীর ঘটনা হেথায়
প্রকাশিয়া বলে যাই

পয়ার ছন্দে বলে যাই.....

স্বাধীনতার বীর গো বন্ধু চির বিদায় নিলে
আর ভক্তবৃন্দে ঘুরে দেখনু ঐ যে চিতানলে।
দেশের গন্ডগোলে হলুস্থুলে ষড়যন্ত্র হল,
প্রার্থনা সভাতে গিয়ে গান্ধীজী মরিল।
মারে অবিচারে রিভলভারে নাথুরাম মারাঠা
দুনিয়ার শোকের ঢেউ ভাসাইলে এই ব্যাটা।
শোকে দুনিয়া কাঁপে পাগল থাকে পৃথিবী সকল
আর চারিদিকে ভেসে বেড়াল গান্ধী গান্ধী বোল।
ভারত সেবার শোকে দিল্লীর বুকে উঠল হাহাকার
উপবাসে মাথা ঠোকে শোভা ধরেতার।
কান্দে জনে জনে সভার পরে বিড়লা ভবনে
বাহিরে নামাল লাশ যত ভক্ত জনে।
তীরে যমুনাতে চিতা দিতে সবে মিলে যায়
মুখে আল্লা নবি, হরিধ্বনি এক সাথেতে দেয়।
লরি সাজাইয়া লাশকে লিয়া পথে মেলা দিল।
জহরলাল আর কৃপালনি সঙ্গেতে চলিল।
প্যাটেল বলদেব লাটসাহেব বাম পাশেতে রয়
শোকেতনু অভিমন্যু রামধনূ গান গায়।
কোরাণ-গীতা ভারত পড়ে রামায়ণ বাইবেল,
গান্ধীর শবে যাত্রী যাবে ছাড়লে কত মেল।
কত রিক্সা গাড়ি, মিসাল কারি চলল সারি সারি
টমটমেতে লোক ধরে না রিজার্ভ চলে লরি।
চলে কেউ পায়দলেতে চিতা দিতে রাস্তা ঘাট জাম
নারায়ে তক্‌বীর দিচ্ছে কেউ দিচ্ছে আল্লা নাম।

বন্ধ দোকান পাট বাজার হাট পৃথিবীতে যত
রাজা মহারাজা ভক্ত প্রজা মিলে দলে দলে
কত আলেম ফাজিল পুরুত ঠাকুর শোভা ধরে চলে।
লোকে লোকারণ্য কেউ নই ভিন্ন সব জাতি সমান
আর মৃত্যু শয্যায় শুয়ে গান্ধীকে করিল প্রণাম,
চিতা সাজাইল লাশকে দিল আগুনেতে পুড়ায়ে
আর ভস্মবেশে বাহির করে কইলা গোঁসাইয়ে।
যত হাড্ডি পাঁজর ঘি দিয়ে আগুনে পুড়াল
রেলগাড়ি আর উড়োজাহাজ দিল্লীতে পাঠালো।
খানিক ভস্ম নিতে রেডিওতে কত খবর হল
আম্‌রিকানবাসী না পাইয়া মর্মাহত হল।
কত সাধু ফকির করে জিকির মহাত্মাজীর কারণ
কলকাতা জিয়ারত করে না খোদা ইমাম।
শোনেন তারপরেতে এই ভারতে তীর্থ যত ছিল
মহাত্মা গান্ধীর ভস্ম সবাই বিসর্জনে দিল।

— অতসীনন্দ গোস্বামী, আলাকাপ, পৃ-২৫-২৬ এবং মুশেয়ারা

(৪)

ভোলা তুই পালা নিজের ঠিকানায়
চোরাচালান কালোবাজার ছেয়ে আছে দ্যাশটায়
ভোলা ....ঠিকানায়।
ভাং ধতুরার নেশায় তুমি হইয়াছো জর জর
দ্যাশের মানুষ সবাই বেহুঁশ তোমা বরাবর
আক্‌কাইলটাকে সামাল রাখো
দ্যাশটার দিকে চাইয়া দ্যাখো।
তুমি রয়েছো চিৎপাত

কিসব হচ্ছে বাজিমাত.....হে

তামা কাঁসা সোনা চাঁদি

পাচার হয় খোদ বিদ্যা-বুদ্ধি।

নারী পাচারের ঘটনা

এতো সবার আছে .....হে

এলাচ মস্‌ল পোস্তদানা

ইলিশ মাছের সব ঠিকানা।

যতো কাপড় পলিষ্টার

ভোজ্য তেলে হচ্ছে তো পাচার.....হে

নেশা খেয়ে আঁখি বন্দি

জেগে ঘুমাও তারই ফন্দি।

এসব তোমার কুমন্ত্রণা, দ্যাশে জানে সর্বজনা

ভোলা পাচার হয়ে আসছে যতো রকমারি মাল

বর্ডার পাহারা দ্যায় কাহারা

কোথায় তোমার খাল্‌.....হে

গরু মহিষ চামড়া চিনি

ধান আটা লবন আমদানি।

আসছে রবি-শস্য ডাল

.....

দিয়াশলাই আগরবাতি

আরও আসছে কতো কি।

তোমার সিদ্দি ঝোলা সাটো

তুমি কৈলাস পথে হাঁটো

ওহে ভোলা কত জ্বালা

ওহে ভোলা কতো জ্বালা আছে তোর সিদ্দি ঝোলায়

ভোলা তুই.....ঠিকানায়।

এটি রিপোর্টিং ধর্মী আলকাপ

ক্ষেত্র সমীক্ষা, উমেশ মন্ডল, ১৩/৯/১৫ চাঁদপুর, মালদা।

(৫)

চুলকানির ছড়া

শিবো হে মলাম মলাম হে চুলকানির জ্বালাতে
শালা এমনি বেইমান রাখেনা মান
চুলকায় সব জা'গাতে।
শিবো হে মলাম মলাম হে চুলকানির জ্বালাতে।।
চুলকে দিয়া ছিলকা উঠ্যা হয়ে গেল ঘা
ঘেরে নিল দুই পুঠ্যা (পাছা) আরগোটা গা
বাকি তো আরনাই হাত আর পা।।
কাপড় লাইগা পড় পড় করছে পারিনা ছুটাইতে
শিবো মলাম মলাম হে চুলকানির জ্বালাতে।।
উঠিছে ফুসুরি ফুসুরি ঠিক যেন মটর মুসুরি
দু-একজন হতেই ঘেরে নিল গোটা বাড়ি
শিবো হে উপায় বা কী করি।।
বলি গো উপায়ের কথা—
কত খেলাম নিমের পাতা কত চন্দ্রমূলের জড় খাইলাম
গাধিলার তরকারি
তাও যায় না কো সুড়সুড়ি।।
বলেছিল মহাদেব সিং খাটি সর্ষের তেল
মাড়িও তাতে একটু দিও হিং তাতে মরলে ঘোড়ার সিং।।

শেষে পরমা চাচি বলেছিল গরুর খিচ লাগাইতে

শিবো মলাম মলাম.....।।

শিবো হে চুলকানির এত জোর

ছোট ছোট ছেলের করল ওর

চুলকানির বিষে হয়েছে কাতর।।

শিবো আরেকটি খবর

ছোট ছেলের ইয়ে ফুলে গিয়ে পারে না মুতিতে।

মলাম মলাম হে চুলকানির জ্বালাতে।।

— সংগ্রহ, শক্তিনাথ ঝা, মুর্শিদাবাদ।

(৬)

কাজলা বিছানা,

বিছানা ফেল্যাটে কাজলা দোড়্ দিও না।।

লয়া ঘর, লয়া ভাতার, লয়া কুটুম বাড়ি

বিহা হোল তুম্হার কাজলা,

পিনহ্যা তাঁতের শাড়ি

কাজ্লা ছি, ছি, ছি, ছি,ছিঃ

সিলকেট শাড়ি পিহ্ন্তে দিল্যাম

পিহ্ন্তে জানল্যানা। কাজলা.....

দ্যাওরা তুম্হার রসিলাটে

পান মুখে দিয়্যা,

রসের কথায় কুঁহুরা কারে

খাটের উপরে গিয়্যা,

কাজলা ছি, ছি, ছি, ছি ছিঃ

কুহুরা কর্লো দ্যাওরা তুম্হার

বুঝতে পারল্যা না।। কাজলা.....

নন্দু তুম্হার বেহুদ্দাটে

কোরছে ইলিবিলি
ফুল্ বিছানায় ছুঁড়হ্যা মারে,
জোড়া পানের খিলি।
কাজলা ছি, ছি, ছি, ছি, ছিঃ
পানের খিলি ছুঁড়লে নন্দু,
মুখেই দিল্যা না।। কাজলা.....
ভাতার তুম্হার বোহিনের সঙ্গে
করে ঘুশুর মুশুর,
আড়াল তেকি ভুল্কি ম্যারছে
কিসের ফুসুর ফাসুর,
কাজলা ছি, ছি, ছি, ছি,ছিঃ
ভুল্কি ম্যারলো ভাতার তুম্হার
ঠাহর প্যাল্যা না। কাজলা.....

সংগ্রহ, আর্য চৌধুরী, মালদা।

(৭)

কৃষিমেলার ছড়া

দেশে এলো মেলা নতুন লীলা বলব কিরে ভাই
মেলায় গরু ছাগল ঢাক ও ঢোল এনে যে দেখায়
দেশে এলো মেলা নতুন লীলা বলব কিরে ভাই
রাখলের ছা-ছোলা দেখাইলো তাতে চোদ্দটাকা পেল
পালং, ড়াটি, কড়াইশুটি, নারকেল সুপারি
হাতির দাঁতের ম্যারগাড়ি নিবারণ দাসের এলো বিড়ি
এলো লোহার লাঙ্গল কত পাইখানা কুরা কল
এনে সাগর দিঘীর যাঢ় সেতো পেল পুরস্কার।

ওরে নাম শুনেছি চোখে দেখিনি আছে চুনাখালি
সেখানকার সুরেন সরকার নিল টাকার থলি।
পোয়াটেক ভাই দেখিয়ে তুলা টাকায় ভরে নিল ঝোলা
বলেন এস.ডি. ও— মহাশয় এতো জিনিষ মন্দ নয়
এরকম জিনিষ যে আনিবে প্রত্যেকে বক্শিষ পাবে
